## শব্দকোষ

**Fred Talk** - পড়ার আগে শব্দে বর্ণগুলির স্বর উচ্চারণ করা (ব্লেন্ডিং অর্থাৎ স্বরের মিশ্রণ)

**sound-blending**- বর্ণগুলির স্বর একসাথে জুড়ে একটি শব্দ উচ্চারণ করা, যেমন c–a–t *cat*

**special friends**- একাধিক বর্ণ দিয়ে লেখা স্বর, যেমন **sh**, **ng**, **qu**, **ch**

**Speed Sounds**- আলাদা-আলাদা স্বর যা দিয়ে শব্দ তৈরি হয়



আপনার শিশুকে অনুভূতির সাথে গল্প পড়ে শোনান! আপনি যত বেশি গল্প ভালোবাসবেন, আপনার সন্তান তত বেশি সেটাকে পড়তে ভালোবাসবে।

পুস্তিকা 1 আপনাকে বলে যে আপনি কিভাবে আপনার সন্তানের সাহায্য করতে পারেন:

- Set 1 Speed Sounds পড়ুন
- স্বরগুলিকে শব্দে পরিণত করুন
- স্বর মিশ্রণ অর্থাৎ ব্লেন্ডিংয়ের বই পড়ুন
- লাল, সবুজ এবং বেগুনি রঙের গল্পের বই পড়ুন।

https://www.ruthmiskin.com/en/find-out-more/parents/ -এ অনেক ভিডিও আছে যা আপনাকে সাহায্য করতে পারে যাতে আপনি নিজের সন্তানের সাহায্য করতে পারেন।

*Read Write Inc.* সম্পর্কে আরও তথ্য জানার জন্য, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে *Read Write Inc.*-এর ম্যানেজারের সাথে কথা বলুন কিংবা www.readwriteinc.com দেখুন।

OXFORD UNIVERSITY PRESS

web www.oxfordprimary.co.uk
email primary.enquiries@oup.com
tel. +44 (0) 1536 452610

www.oup.com

**Read Write Inc.** Phonics

# বাসায় পড়া

## পুস্তিকা 1

আপনার সন্তান *Read Write Inc. Phonics*-এর সাথে পড়তে শিখছে, যা হল একটি খুবই জনপ্রিয় এবং সফল সাক্ষরতা প্রোগ্রাম। এই **প্রথম পুস্তিকা**আপনাকে দেখায় যে আপনি কিভাবে আপনার সন্তানের পড়তে পারার ক্ষমতা দ্রুত শুরু করতে পারেন।

আপনার সন্তান খুবই সহজভাবে পড়তে শিখবে।
ও এইগুলি শিখবে:

1. ও **বর্ণগুলিকে** তাদের 'স্বরের' মাধ্যমে পড়বে
2. এই স্বরগুলিকে **শব্দে** পরিণত করবে
3. একটি **গল্পে**শব্দগুলিকে পড়বে।



OXFORD

## আমার সন্তান কিভাবে পড়তে শিখবে?

প্রথমে, আপনার সন্তান এগুলিকে পড়তে শিখবে:

- Set 1 Speed Sounds: এগুলি হচ্ছে স্বর যা একটি বর্ণ দিয়ে লেখা হয়: **m a s d t i n p g o c k u b f e l h r j v y w z x** এবং এমন সব স্বর যা দুইটি বর্ণ দিয়ে লেখা হয় (আপনার সন্তান এগুলিকে 'special friends' বলবে): **sh th ch qu ng nk ck**
- sound-blending-এর মাধ্যমে এমন সকল শব্দ যাতে এই স্বর রয়েছে, যেমন m–a–t *mat*, c–a–t *cat*, g–o–t *got*, f–i–sh *fish*, s–p–o–t *spot*, b–e–s–t *best*, s–p–l–a–sh *splash*
- স্বর মিশ্রণের বই এবং লাল, সবুজ এবং বেগুনি রঙের Storybooks।

দ্বিতীয়ত, ও এইগুলি পড়তে শিখবে:

- Set 2 Speed Sounds: **ay ee igh ow oo oo ar or air ir ou oy**
- এই স্বর যুক্ত শব্দ
- গোলাপি, কমলা এবং হলুদ Storybooks।

তৃতীয়ত, ও এইগুলি পড়তে শিখবে:

- Set 3 Speed Sounds: **ea oi a-e i-e o-e u-e aw are ur er ow ai oa ew ire ear ure**
- এই স্বর যুক্ত শব্দ
- নীল এবং ধূসর Storybooks।

বর্ণের নামের বদলে আপনার সন্তানকে সেই বর্ণের স্বর উচ্চারণ করা শেখানো হবে, সুতরাং 'mat' শব্দে ও 'em' উচ্চারণ না করে সেটাকে 'm' উচ্চারণ করবে; 'sun' শব্দে ও 'es' উচ্চারণ না করে 's' উচ্চারণ করবে।



## কিভাবে আপনার সন্তানকে পড়তে শুনবেন



- আপনার সন্তান আপনাকে পড়ে শোনানোর আগে কিন্তু বইটিকে জোরে জোরে পড়বেন না।
- গল্প পড়ার আগে আপনার সন্তানকে স্বর ও শব্দগুলিকে পড়তে বলুন।
- আপনার সন্তান যখন গল্প পড়ে, তখন তাকে সেই শব্দগুলির স্বর উচ্চারণ করতে বলুন যা সে স্বয়ংক্রিয়ভাবে পড়তে পারছে না। আপনার সন্তানকে খুব একটা বেশি মুশকিলে পড়তে দেবেন না। সাফল্য অর্জন করলে আপনার সন্তানের প্রশংসা করুন।
- গল্পটিকে এগোতে থাকার জন্য প্রত্যেকটি বাক্য বা পৃষ্ঠা ফেরত পড়ুন। (আপনার সন্তান গল্প নয় বরং শব্দগুলিকে পড়ার দিকে তার সম্পূর্ণ মনোযোগ দিচ্ছে।)
- আপনার সন্তানকে ছবি দেখে শব্দটিকে অনুমান করতে বলবেন না।
- সবকিছু ধীরে সুস্থে এবং স্নেহে করুন!

স্কুলে প্রত্যেক দিন আমাদের স্টোরি টাইম হয় সুতরাং বাচ্চারা গল্প ভালোবাসতে শুরু করে। আমরা আশা করি যে আপনি ও তা করবেন এবং রোজ ঘুমাতে যাওয়ার আগে আপনার সন্তানের সাথে একটি গল্পের বই পড়বেন। স্কুলে আমাদের কাছে অপূর্ব বই আছে যা আপনি ধার নিতে পারেন।

## 3. আপনার সন্তানকে Sound Blending বইগুলিকে পড়তে সাহায্য করুন





আপনার সন্তানকে প্রত্যেকটি শব্দ স্বর অনুযায়ী পড়তে বলুন (Fred Talk) এবং তারপর শব্দটিকে উচ্চারণ করতে বলুন। তারপর, সে পেজ পাল্টিয়ে দেখতে পারে যে তারা সেটাকে সঠিকভাবে উচ্চারণ করেছে কিনা।

## 4. আপনার সন্তানকে Storybooks পড়তে সাহায্য করুন

### সাদাকালো Storybooks

আপনার সন্তান *Read Write Inc. Phonics* গল্পের বইগুলিকে পড়া শুরু করলে, ও একটি সাদাকালো গল্পের বই বাসায় নিয়ে আসবে। এটি হচ্ছে সেই রঙিন বইয়ের একটি কপি যা ও স্কুলে পড়ছে।





আপনার সন্তান তাদের রিডিং শিক্ষকের সাথে এই গল্পটিকে ইতিমধ্যে তিন বার পড়েছে, সুতরাং তাদের এই গল্পটিকে আত্মবিশ্বাসের সাথে পড়তে পারা উচিত।

ক্রিয়াকলাপগুলিকে কিভাবে অনুসরণ করতে হবে সেই বিষয়ে এই বইগুলিতে একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দেওয়া থাকবে।

### Book Bag Books

আপনার সন্তান একটি Book Bag Book ও বাসায় নিয়ে আসতে পারে। ও সবেমাত্র Storybook-এ যে সমস্ত ধারণা এবং শব্দগুলিকে পড়েছে সেগুলিকে এই বইতে আরও গড়ে তোলা হয়। এই বইটিকে পড়ার জন্য আপনার সন্তানের আরও সাহায্যের প্রয়োজন হবে।




আবার, ক্রিয়াকলাপগুলিকে কিভাবে অনুসরণ করতে হবে সেই বিষয়ে এই বইগুলিতে ব্যাখ্যা দেওয়া থাকবে।



## 1. আপনার সন্তানকে Set 1 Speed Sounds পড়তে সাহায্য করুন


শুরু করার আগে, স্বরগুলিকে স্পষ্টভাবে উচ্চারণ করার অভ্যাস করার জন্য https://www.ruthmiskin.com/en/find-out-more/parents/ দেখুন। *আপনি* যতটা স্পষ্টভাবে এই শব্দগুলিকে উচ্চারণ করবেন, আপনার সন্তান ততটাই দ্রুত সেগুলোকে শিখতে পারবে।


**গুরুত্বপূর্ণ:** স্বর শেখানোর সময় আমরা '*mmmm*' বলি 'muh' নয় এবং '*lllll*' বলি 'luh' নয়। শব্দগুলিকে পড়ার জন্য স্বর মিশ্রণ করার সময় এটা সত্যি বাচ্চাদের জন্য খুবই উপকারী হয়।


আপনার সন্তান Set 1 Speed Sounds কার্ড বা একটি *My Set 1 Speed Sounds Book* বাসায় নিয়ে আসবে।

আপনি দেখবেন যে প্রত্যেকটি স্বরকে একটি ছবির আকারে আঁকা হয়েছে। উদাহরণস্বরূপ:

- 's' হচ্ছে snake এর আকারে
- 'd' হচ্ছে dinosaur এর আকারে
- 'a' হচ্ছে apple এর আকারে
- 'm' হচ্ছে দুইটি mountain এর আকারে






## Set 1 Speed Sounds কার্ডগুলিকে ব্যবহার করা

প্রত্যেকটি ছবির নাম কার্ডগুলির পিছন দিকে লেখা রয়েছে।


1. আপনার সন্তানকে প্রত্যেকটি কার্ডের পিছন দিকে লেখা ছবির নাম বলতে বলুন, যেমন, a-a-a-apple, ssssssnake, আর প্রত্যেক বার নামটিকে আরও দ্রুত বলতে বলুন।
2. আপনার সন্তানকে প্রত্যেকটি ছবির পিছনে লুকানো স্বরটিকে উচ্চারণ করতে সাহায্য করুন, যেমন, snake এর পিছনে হচ্ছে 's'। বার-বার বলুন যতক্ষণ না আপনার সন্তান এটাকে দ্রুত উচ্চারণ করতে পারে।
3. আপনার সন্তানকে অক্ষরের দিকের স্বরটিকে বলতে সাহায্য করুন, আর প্রত্যেক বার আরও দ্রুত উচ্চারণ করতে বলুন। যদি ও ভুলে যায় তাহলে আবার ছবির দিকে চলে যান। যখন আপনার সন্তান যাচাই করার জন্য কার্ডটিকে না পাল্টিয়ে স্বরটিকে উচ্চারণ করতে পারে, তখন উচ্চারণের গতি আরও দ্রুত করুন!



ক্লাসরুমে স্পিড স্বরগুলিকে শেখা

## My Set 1 Speed Sounds Book ব্যবহার করা

আপনার সন্তানকে বইটির পাতা পাল্টিয়ে দেখতে এবং সে যত দ্রুত পারে স্বরগুলিকে উচ্চারণ করতে বলুন। যদি কোনও একটি স্বর উচ্চারণ করতে আপনার সন্তান দ্বিধা বোধ করে, তাহলে মনে করিয়ে দেওয়ার জন্য 'ছবি হিসেবে স্বরটি' পিছন দিকে রয়েছে। আপনার সন্তান একই পৃষ্ঠায় স্বরটিকে লেখার অভ্যাস ও করতে পারে।




*My Set 1 Speed Sounds Book-এর স্বরগুলিকে পড়া এবং লেখার অভ্যাস করুন।*



## 2. আপনার সন্তানকে শব্দগুলিকে পড়তে সাহায্য করুন

আপনার সন্তান আত্মবিশ্বাসের সাথে Set 1 Speed Sounds পড়তে পারলে, ও শব্দ পড়তে শিখতে পারে। প্রথমে, আপনার সন্তানকে Fred নামক একটি খেলনা রূপী ব্যাঙয়ের সাথে পরিচয় করানো হয়। Fred *শুধুমাত্র* শব্দের স্বরগুলিকে উচ্চারণ করতে পারে এবং শব্দটিকে পড়ার জন্য তার আপনার সন্তানের সাহায্য দরকার। সুতরাং, যখন আপনি আপনার সন্তানকে 'Fred Talk' বলতে শোনেন, আপনি জানবেন যে এর মানে হল শব্দটির স্বর উচ্চারণ করা।

নিম্নবর্ণিত পদক্ষেপ অনুসরণ করে আপনি আপনার সন্তানকে শব্দগুলিকে পড়তে সাহায্য করতে পারেন:



ফ্রেড স্বরগুলিকে উচ্চারণ করে এবং বাচ্চারা নির্ধারিত করে যে শব্দটি আসলে কী।

1. তিনটি কার্ড দিয়ে একটি শব্দ তৈরি করুন যা আপনার সন্তান দ্রুত পড়তে পারে, যেমন, c–a–t। আঙুল দিয়ে ইশারা করে স্বরগুলিকে উচ্চারণ করুন এবং তারপর শব্দটি বলুন। আপনার সন্তানকে আপনার নকল করতে বলুন।

   c a t

   কার্ডগুলিকে মিশিয়ে দিন। আপনার সন্তানকে আবার একটি শব্দ বানাতে বলুন, এবং তারপর আঙুল দিয়ে ইশারা করে স্বরগুলিকে উচ্চারণ করুন।

   আরও 3-স্বরের শব্দ দিয়ে এই ক্রিয়াটিকে বার-বার করুন, এবং তাতে এমন কিছু স্বর অন্তর্ভুক্ত করুন যা একাধিক বর্ণ দিয়ে তৈরি করা হয়, যেমন ch–a–t, sh–i–p, th–i–s.
2. তিনটি কার্ড রাখুন। এই বার আপনার *সন্তানকে* স্বরগুলিকে উচ্চারণ করতে বলুন। স্বরগুলিকে মিশিয়ে শব্দ উচ্চারণ করতে তাকে সাহায্য করুন, যতক্ষণ না সে আপনার সাহায্য ছাড়া তা করতে পারে।
3. কিছু 4-স্বরযুক্ত শব্দ দিয়ে রিপিট করুন, যেমন, b–l–i–p, f–r–o–g, g–r–i–n, s–t–o–p, j–u–m–p, h–a–n–d, b–l–a–ck.